



ঢাকা বিশ্ববিদ্যালয়

বিজ্ঞপ্তি

আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, আগামী ১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার জাতীয় শোক দিবস। স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৭তম শাহাদাত বার্ষিকী যথাযোগ্য মর্যাদার সাথে প্রতিপালনের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে নিম্নোক্ত কর্মসূচি গৃহীত হয়েছে :-

(ক) জাতীয় শোক দিবস উপলক্ষে ১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রধান ভবন ও হলসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা ও শোকের প্রতীক কালো পতাকা উত্তোলন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন স্ব স্ব হলের প্রাধ্যক্ষ এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রকৌশলী ও এসেট ম্যানেজার।

(খ) ১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার সকাল ৭.০০ টায় মাননীয় প্রো-উপাচার্য (প্রশাসন), মাননীয় প্রো-উপাচার্য (শিক্ষা), মাননীয় কোষাধ্যক্ষ, সিনেট ও সিন্ডিকেটের সদস্যবৃন্দ, সকল অনুষদের ডিন, হল ও হোস্টেলসমূহের প্রাধ্যক্ষ ও ওয়ার্ডেন, প্রক্টর, বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ, ইনস্টিটিউটের পরিচালকবৃন্দ, অফিস প্রধানবৃন্দ, সম্মানিত সকল শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারী মাননীয় উপাচার্যের বাসভবনে জমায়েত হয়ে সকাল ৭.৩০ মিনিটে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি নিবেদনের জন্য বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের (ধানমন্ডি ৩২ নং রোড) উদ্দেশ্যে যাত্রা।

(গ) ১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার সকাল ১১.০০ টায় ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কর্মের উপর আলোচনা অনুষ্ঠান। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় প্রো-উপাচার্য (প্রশাসন), মাননীয় প্রো-উপাচার্য (শিক্ষা) এবং মাননীয় কোষাধ্যক্ষ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। আলোচনা সভায় বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

(ঘ) আলোচনা সভার প্রারম্ভে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ওপর ডকুমেন্টারি প্রদর্শন। টেলিভিশন, ফিল্ম এন্ড ফটোগ্রাফি বিভাগের অধ্যাপক ড. এ জে এম শফিউল আলম ভূইয়া এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(ঙ) ১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার বাদ জোহর ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদ 'মসজিদুল জামিয়ায়' জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে দোয়া মাহফিল। মসজিদুল জামিয়ার ইমাম-খতিব এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।


(চ) ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রতিটি হলে শহিদদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া করা হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন স্ব স্ব হলের প্রাধ্যক্ষ।

(ছ) শহিদদের আত্মার শান্তি কামনা করে বিশ্ববিদ্যালয় এলাকার ধর্মীয় উপসনালয়ে প্রার্থণার ব্যবস্থা করবেন জগন্নাথ হলের প্রাধ্যক্ষ।

(জ) ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক এলাকাসমূহের প্রতিটি মসজিদে শহিদদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া করা হবে। স্ব স্ব আবাসিক এলাকার সমিতিসমূহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(ঝ) ১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার সকাল ১০:০০ টায় শিশু চিত্রাঙ্কন প্রতিযোগিতা: বিশ্ববিদ্যালয়ের আবাসিক এলাকায় বসবাসকারী শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারীদের সন্তানসহ ইউনিভার্সিটি ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ, উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয় এবং নীলক্ষেত হাই স্কুলের শিক্ষার্থীদের নিয়ে চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন। ডিন, চারুকলা অনুষদ চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

প্রশাসনিক ভবন
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা


প্রবীর কুমার সরকার
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ঢাকা বিশ্ববিদ্যালয়

০৩/০৪/১৪২৯ বঙ্গাব্দ

স্মারক নং-রেজি/প্রশা-৩/২৫৬৫-সি

তারিখ:

১৮/০৭/২০২২ খ্রিস্টাব্দ

অন্যান্য বিবরণীসহ সংশ্লিষ্ট কর্মসূচির বিস্তারিত বিবরণীসহ প্রয়োজনীয় নথি (যেহেতু বিস্তারিত নথি)